গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : **উপজেলা যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ১৭/১০/২০২৪ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো।

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর ভূরুঙ্গামারী উপজেলার যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় এ উপজেলার বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে আলোচনা করা হয়। Back date দিয়ে বিবাহ রেজিষ্ট্রি করার বিষয়ে সকলকে সজাগ থাকার আহ্বান জানানো হয়। বাল্য বিবাহের কুফল সম্পর্কে সকলকে সচেতন করার চেষ্টা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। বাল্য বিবাহ প্রতিরোধে জনপ্রতিনিধিসহ সমাজের সকল স্তরের মানুষের সহযোগিতা কামনা করেন।<br><br>অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা সভায় জানান বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত কমিটিগুলো বাল্য বিবাহ প্রতিরোধে সক্রিয় ভূমিকা রাখতে পারে। বাল্য বিবাহ প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা করে সাজা প্রদান করলে বাল্য বিবাহ অনেকাংশে কমবে বলে তিনি সভায় জানান।<br><br>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় এক ইউনিয়নের বিবাহ নিবন্ধক যেন অন্য ইউনিয়নে বিবাহ রেজিষ্ট্রি না করেন সেদিকে সর্তক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। সভায় Back date দিয়ে কোন বিবাহ নিবন্ধন না করার জন্য বিবাহ নিবন্ধকগণকে নির্দেশনা প্রদান করা হয়। বাল্য বিবাহ প্রতিরোধে সামাজিক আন্দোলন সৃষ্টিতে ছাত্র-ছাত্রী শিক্ষক, অভিভাবক, বিবাহ নিবন্ধক, ধর্মীয় নেতৃবৃন্দ, জন প্রতিনিধিদের মধ্যে ইতোমধ্যে লিফলেট বিতরণ করা হয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণদের পাশাপাশি মহিলা বিষয়ক দপ্তরকে জোড়ালো পদক্ষেপ নেওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়। সকল ইউনিয়নের বিবাহ নিবন্ধকগণদের সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। সকল ইউপি চেয়ারম্যান ও সদস্যগণকে বাল্য বিবাহ প্রতিরোধের জন্য জোড়ালো ভূমিকা রাখতে হবে। বাল্য বিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য এ উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিবাহ নিবন্ধক কার্যালয়সহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, পোস্টার ও বিলবোর্ড স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বলা হয়। | বাল্য বিবাহ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>২. সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, কুড়িগ্রাম।<br>৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৫. চেয়ারম্যান, ........... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>৬. বিবাহ নিবন্ধক ................ইউনিয়ন (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
মোবাইল নম্বর : ০১৭৯৯-৯৪১৫৫৫
ইমেইল- : unobhurungamari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৭.২৩- ৯৯১ (ক)

তারিখ : ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪. উপজেলা ..............................................................অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার .............................................ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. বিবাহ নিবন্ধক..............................(সকল) ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।